# স্বালাতে মুবাশ্‌শির

বিভাগ/অধ্যায়ঃ নামাযের নিয়মাবলি

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

‘বিসমিল্লাহ্‌’ পাঠ

এরপর নবী মুবাশ্‌শির (ﷺ)‘بِسْمِ اللهِ الرَّحْمنِ الرَّحِيْم বিসমিল্লা-হির রাহ্‌মা-নির রাহীম’ (অনন্ত করুণাময়, পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি।) পাঠ করতেন। এটিকে তিনি নি:শব্দেই পড়তেন। এ ছাড়া সশব্দে ‘বিসমিল্লাহ্‌’ পড়ার ব্যাপারে কোন স্পষ্ট ও সহীহ হাদীস নেই। (তামামুল মিন্নাহ্‌, আলবানী ১৯৬পৃ:)

আনাস (রাঃ) বলেন, আমি নবী (ﷺ), আবূ বকর ও উমার (রাঃ) এর সাথে নামায পড়েছি। তাঁরা সকলেই ‘আলহামদু লিল্লা-হি রাব্বিল আ-লামীন’ বলে ক্বিরাআত শুরু করতেন। (বুখারী ৭৪৩, আবূদাঊদ, সুনান ৭৮২, তিরমিযী, সুনান ২৪৬, নাসাঈ, সুনান ৮৬৭ নং প্রমুখ) অন্য এক বর্ণনায় তিনি বলেন, তাঁরা ক্বিরাআতের শুরুতে বা শেষেও ‘বিসমিল্লাহির রাহ্‌মানির রাহীম’ উল্লেখ করতেন না। আর এক বর্ণনায় তিনি বলেন, তাঁদের কাউকেই ‘বিসমিল্লাহির রাহ্‌মানির রাহীম’ বলতে শুনি নি। (মুসলিম, সহীহ ৩৯৯, সহিহ,নাসাঈ, সুনান ৮৭০, ৮৭১নং, ইবনে হিব্বান, সহীহ)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2858

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন